

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা  
আইন ও বিচার বিভাগ  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা-১০০০।  
www.nlaso.gov.bd



নং-১০.০৭.০০০০.০০১.১৪.০১৫.১১-৪০১


তারিখ ২৩ আষাঢ় ১৪২৯  
০৭ জুলাই ২০২২

বিষয়: সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসে “মানুষের জন্য ফাউন্ডেশন” কর্তৃক পরিচালিত যাবতীয় কার্যক্রমের দায়িত্বভার হস্তান্তর প্রসঙ্গে।

সূত্রঃ এমজেএফ/৫৮৪/২০২২, তারিখ: ২৯/০৬/২০২২ খ্রি., মানুষের জন্য ফাউন্ডেশন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার ২৫তম জাতীয় পরিচালনা বোর্ড এর সিদ্ধান্তের আলোকে সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসে আইন সহায়তা কার্যক্রম পরিচালনার জন্য বিগত ১৪/০৮/২০১১ খ্রি. তারিখে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এবং মানুষের জন্য ফাউন্ডেশন এর সাথে একটি সমঝোতা স্মারক Memorandum of Understanding (MoU) স্বাক্ষরিত হয়। পরবর্তীতে মানুষের জন্য ফাউন্ডেশন কর্তৃপক্ষের আবেদনের প্রেক্ষিতে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এবং মানুষের জন্য ফাউন্ডেশন এর মধ্যে সম্পাদিত সমঝোতা স্মারকটির (MoU) মেয়াদ ৩১ মার্চ, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

০২। ইতোমধ্যে সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসে পূর্ণাঙ্গ জনবল রাজস্বখাতে সৃজনপূর্বক অতিরিক্ত জেলা জজ পদমর্যাদার একজন বিচার বিভাগীয় কর্মকর্তাকে সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার পদে নিয়োগ প্রদান করা হয়েছে। এছাড়াও প্রশাসনিক কর্মকর্তা, হিসাবরক্ষক, কোর্ট লিগ্যাল এইড এ্যাসিস্টেন্ট ও ডেসপাস রাইডার পদে নিয়োগ প্রদান করা হয়েছে। বর্তমানে সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসে জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থার পর্যাপ্ত জনবল কর্মরত থাকায় জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা এবং মানুষের জন্য ফাউন্ডেশন এর মধ্যে সম্পাদিত সমঝোতা (MoU) স্মারকটির মেয়াদ ৩১ ডিসেম্বর, ২০২২ পর্যন্ত বৃদ্ধি করার প্রয়োজনীয়তা নেই। এমতাবস্থায় মানুষের জন্য ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত কার্যক্রমের যাবতীয় প্রশাসনিক এবং আর্থিক (অর্থ বছর ভিত্তিক) কাগজপত্র ও রেজিস্ট্রারসমূহ সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসারের নিকট হস্তান্তর করার জন্য অনুরোধ করা হলো।

  
০৭/০৭/২০২২

(সৈয়দ তফাজ্জল হাসান হিরন)  
পরিচালক (ভারপ্রাপ্ত)

ও

উপ-পরিচালক (প্রশাসন)  
জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা  
ফোন নং: ০২-৮৩৩১৯০৬ (অঃ)

**নির্বাহী পরিচালক**

মানুষের জন্য ফাউন্ডেশন

প্লট-৩ ও ৪, এভিনিউ-৩, হাজী রোড (শিয়ালবাড়ী ঢাল), রূপনগর, মিরপুর-২, ঢাকা-১২১২।

**সদয় জ্ঞাতার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

- ১। মাননীয় চেয়ারম্যান, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটি ও মাননীয় বিচারপতি, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ২। সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড অফিসার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৬। সহকারী পরিচালক (প্রশাসন/মনিটরিং/অর্থ ও হিসাব), জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ৭। জনাব রুমা সুলতানা, প্রোগ্রাম ম্যানেজার, মানুষের জন্য ফাউন্ডেশন, বাড়ী নং-৪৭, রোড-৩৫/এ, গুলশান-২, ঢাকা-১২১২।
- ৮। সদস্য সচিব, সুপ্রীম কোর্ট লিগ্যাল এইড কমিটি এবং সহকারী এ্যাটর্নি জেনারেল, এ্যাটর্নি জেনারেলের কার্যালয়, ঢাকা।
- ৯। পরিচালক এর ব্যক্তিগত সহকারী, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা।
- ১০। কোর্ট অফিসার, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা (ওয়েবসাইট আপলোডের অনুরোধসহ)।
- ১১। সংশ্লিষ্ট ফাইল/গার্ড ফাইল।